

সদ্য প্রয়াত সেকশন অফিসার মোঃ মনিরুল ইসলামের স্মরণে স্মরণ সভা, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত সকলেরই উচিত মৃত্যুর কথা মনে রেখে সৎ ও ভালো কাজ করা: উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেছেন, ব্যস্ততার কারণে কাজের মধ্যে মানুষ তাঁর মৃত্যুর কথা ভুলে যায়। তবে সব মানুষের-ই উচিত মৃত্যুর কথা মনে রেখে সব সময়ই সৎ ও ভালো কাজ করা। গত ৫ জানুয়ারি ২০১৭ইং তারিখ, বৃস্পতিবার, বাদ জোহর অত্র বিশ্ববিদ্যালয়ের অফিসার্স এ্যাসোসিয়েশনের উদ্যোগে সদ্য প্রয়াত (৯-১২-২০১৭ইং) সেকশন অফিসার মোঃ মনিরুল ইসলামের স্মরণে আয়োজিত স্মরণ সভা, মিলাদ ও দোয়া মাহফিলে মাননীয় উপাচার্য আরো বলেন, সদ্য প্রয়াত সেকশন অফিসার মোঃ মনিরুল ইসলামের মৃত্যুর খবর যেনো মাথায় আকাশ ভেঙে পড়ার মতো। মোঃ মনিরুল ইসলাম ছিলেন নশ্র ও ভদ্র। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে কর্মরত কারো মৃত্যু হলে তাঁর পরিবারের সদস্যবৃন্দ যাতে অসহায় বোধ না করেন সেজন্য বর্তমান প্রশাসনের পক্ষ থেকে করণীয় সবকিছুই করা হবে। ১৯৮১ সালের ২৮ জানুয়ারি জনস্বার্থকারী মরহুম মোঃ মনিরুল ইসলামের স্মরণে আয়োজিত স্মরণসভায় বক্তব্য রাখেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ডীন অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, উপ-রেজিস্ট্রার মোঃ আব্দুল আলীম, নার্সিং সুপারিনটেনডেন্ট অব হাসপাতাল শান্তনা রানী দাস, সেকশন অফিসার ও পিএস টু ভাইস-চ্যান্সেলর-১ মোঃ আমিনুল ইসলাম পলাশ, সেকশন অফিসার ও পিএস টু প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) মোঃ মোস্তার হোসেন, সেকশন অফিসার ও পিএস টু প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) মোঃ আলমগীর হোসেন, সেকশন অফিসার চন্দ্র রায়, মোঃ শফিকুল ইসলাম, মোঃ সাইফুল ইসলাম, মোঃ ইয়াহিয়া, মরহুম মোঃ মনিরুল ইসলামের সহধর্মিণী, চীফ মেডিক্যাল টেকনোলজিস্ট মোঃ আলমাছ আলী খান, প্রশাসনিক কর্মকর্তা মোঃ শাহিদুল হক, তৃতীয় শ্রেণীর কর্মচারী মোঃ রেজাউল করিম, চতুর্থ শ্রেণীর কর্মচারী মোঃ ইসমাইল হোসেন প্রমুখ। স্মরণ সভায় সভাপতিত্ব করেন অফিসার্স এ্যাসোসিয়েশনের আহ্বায়ক মোঃ মোস্তাফিজুর রহমান নয়ন এবং সম্বালনা করেন সেকশন অফিসার জিএম আবু হাসান ও সেকশন অফিসার সনজীব কুমার রায়।

সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার বলেন, সদালাপী মোঃ মনিরুল ইসলাম ভালো মানুষ ছিলেন। নববিবাহিত মোঃ মনিরুল ইসলামের অকাল মৃত্যু যেমন দুঃখজনক তেমন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়েরও অনেক ক্ষতি হয়েছে। অন্য বক্তারা বলেন, সাদা মনের ইতিবাচক মনের মানুষ মোঃ মনিরুল ইসলাম অল্প সময়ের মধ্যেই তাঁর সুন্দর ব্যবহারের মাধ্যমে এ বিশ্ববিদ্যালয়ের সকলকেই আপন করে নিয়েছিলেন। দোয়া ও মিলাদ মাহফিলে আরো উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপন, পরিচালক (হাসপাতাল) বিগ্রেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (পরিদর্শন ও উন্নয়ন) অধ্যাপক ডা. আবু নাসার রিজভী, অতিরিক্ত পরিচালক (অর্থ, হিসাব ও অডিট) কাজী মোঃ শফিকুর রহমান, অতিরিক্ত পরিচালক (হাসপাতাল) ডা. নাজমুল করিম মানিক, উপ-রেজিস্ট্রার-১ ডা. শেখ আব্দুল্লাহ আল মামুন প্রমুখ। স্মরণসভা শেষে একটি স্মৃতি স্মারক অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান; মরহুম মোঃ মনিরুল ইসলামের পিতার হাতে তুলে দেন।